# দিনাজপুর জেলা

## বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩


জেলা পরিসংখ্যান অফিস,দিনাজপুর

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

**পরিকল্পনা মন্ত্রনালয়**

## সম্পাদনা পরিষদ

| ক্রমিক নং | নাম ও পদবি | কর্মস্থল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ০১ | ইমরান হোসেন প্রধান,উপপরিচালক | দিনাজপুর | আহবায়ক |
| ০২ | নুর ইসলাম, পরিসংখ্যান সহকারী | দিনাজপুর | সদস্য |
| ০৩ | মো; সোহেল রানা,পরিসংখ্যান সহকারী | দিনাজপুর | সদস্য |
| ০৪ | মো;আরিফুল ইসলাম,পরিসংখ্যান সহকারী | দিনাজপুর | সদস্য সচিব |

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বিবিএস পরিচিতি | ৩ |
| ০২ | বিবিএস এর কার্যাবলী | ৩ |
| ০৩ | জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর পরিচিতি | ৩ |
| ০৪ | জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর এর কার্যাবলী | ৩ |
| ০৫ | জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর এর সাংগঠনিক কাঠামো | ৩ |
| ০৬ | কর্মকর্তা তালিকা | ৩ |
| ০৭ | কর্মচারী তালিকা | ৩ |
| ০৮ | অধস্তন অফিসসমূহ | ৪ |
| ০৯ | নিয়মিত কার্যাবলী | ৪ |
| ১০ | কৃষি পরিসংখ্যান | ৪ |
| ১১ | মূল্য ও মজুরির তথ্য সংগ্রহ | ৪ |
| ১২ | ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেইজিং অব ইন্ডিসিস | ৫ |
| ১৩ | শুমারি ও জরিপ কার্যাবলীঃ | ৫ |
| ১৪ | SVRSin Digital Platform | ৬ |
| ১৫ | HIES ২০২১-২২ | ৭ |
| ১৬ | ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ | ৭ |
| ১৭ | ICT সার্ভে | ৭ |
| ১৮ | কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২ | ৭ |
| ১৯ | প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩ | ৭ |
| ২০ | জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ডাটা ক্লিনিং | ৭ |
| ২১ | আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ | ৭ |
| ২২ | খাদ্য নিরাপত্তা জরিপ | ৭ |
| ২৩ | জাতীয় শিশু শ্রম জরিপ ২০২২ | ৮ |
| ২৪ | আভ্যন্তরীণ প্রশিক্ষণ | ৮ |
| ২৫ | সুশাসনপ্রতিষ্ঠারনিমিত্তঅংশীজনের(stakeholders)অংশগ্রহণেসভা | ৮ |
| ২৬ | আবেদনের প্রেক্ষিতে তথ্য সরবরাহ | ৮ |
| ২৭ | কর্ম-পরিবেশউন্নয়ন | ৮ |
| ২৮ | এক নজরে দিনাজপুর জেলার তথ্য | ৯-১২ |
| ২৯ | জনশুমারি ও গৃহগণনা ২০২২ | ১২-১৩ |

## ১.০। বিবিএস পরিচিতিঃ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসাবে কাজ করছে। ১৯৭১ সালের স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশে সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদুরপ্রসারী চিন্তাধারার ফলশ্রুতিতে ও তাঁর দিক-নির্দেশনায় ১৯৭৪ সালে আগষ্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদমশুমারি কমিশন)-কে একীভূত করে সৃষ্টি করা হয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ।

## ২.০। বিবিএস এর কার্যাবলীঃ

পরিসংখ্যান আইন ২০১৩ এর ধারা ৬ অনুসারে সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ করার নিমিত্ত জাতীয় হিসাব, মূল্যস্ফীতি, আর্থ-সামাজিক, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, অর্থনৈতিক, শিল্প ও বাণিজ্য, জনতত্ত্ব, পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জলবায়ু, দুর্যোগ ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশনার লক্ষ্যে পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) আইনগত দায়বদ্ধতা রয়েছে।বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১ ও ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) প্রভৃতি বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থাকে সঠিক ও সময়োচিত তথ্য-উপাত্ত দ্বারা সহায়তা করা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর অন্যতম দায়িত্ব। জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) অর্থনৈতিক, সামাজিক, জনসংখ্যাগত এবং পরিবেশগত বিভিন্ন সূচক প্রকাশ করে থাকে।

## ৩.০। জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর পরিচিতিঃ

দিনাজপুর জেলার ১৩ টি উপজেলা পরিসংখ্যান কার্যালয় আঞ্চলিক পরিসংখ্যান অফিস, রংপুর এর অধীন পরিচালিত হতো।

## ৪.০। জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর এর কার্যাবলীঃ

জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর অর্থনৈতিক,সামাজিক, জনসংখ্যাগত এবং পরিবেশগত বিভিন্ন সূচক প্রকাশের জন্য সংকলন,বিশ্লেষণ ও প্রকাশনার লক্ষ্যে মাঠ পর্যায়ে উপজেলা পরিসংখ্যান অফিসগুলোর সমন্বয়ে বিভিন উপাত্ত সরবরাহ করে থাকে।

## ৫.০। জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর এর সাংগঠনিক কাঠামোঃ

উপপরিচালক

↓

সহকারী পরিসংখ্যান কর্মকর্তা

↓

- পরিসংখ্যানসহকারী-১, পরিসংখ্যানসহকারী-২, পরিসংখ্যানসহকারী-৩, পরিসংখ্যানসহকারী-৪
- উচ্চমানসহকারী
- ডাটাএন্ট্রি/কন্ট্রোলঅপারেটর-১, ডাটাএন্ট্রি/কন্ট্রোলঅপারেটর-২
- কম্পিউটারমুদ্রাক্ষরিক
- গাড়ীচালক
- অফিসসহায়ক
- নৈশপ্রহরী

## ৬.০। কর্মকর্তা তালিকাঃ

| ক্র. | নাম | পদবী | মোবাইল/ইমেইল | নিজজেলা | কার্যকাল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | হতে | পর্যন্ত | |
| ০১ | ইমরান হোসন প্রধান | উপপরিচালক | ০১৯১৬৫২০২৫৩<br>emran3007@gmail.com | পঞ্চগড় | ১০.১০.২০২২ | বর্তমান | |

## ৭.০। কর্মচারী তালিকাঃ

| ক্র. | নাম | পদবী | মোবাইল/ ইমেইল | নিজজেলা | কার্যকাল | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | হতে | পর্যন্ত | |
| ০১ | নুর ইসলাম | পরিসংখ্যানসহকারী | ০১৭৪৪৬০৯৩৮৭<br>nurislam155@gmail.com | নীলফামরী | ০১.১২.২০২১ | বর্তমান | |
| ০২ | মো:আরিফুল ইসলাম | পরিসংখ্যানসহকারী | ০১৭২৭০১১৯২১<br>arifjoy210@gmail.com | রংপুর | ২৩.১.২০২২ | বর্তমান | |
| ০৩ | মোঃ সোহেল রানা | পরিসংখ্যানসহকারী | ০১৭১৮৫২৭৩৫৫<br>msranairju1992@gmail.com | বগুড়া | ২৫.১.২০২২ | বর্তমান | |
| ০৪ | মোছা:উম্মে তামিমা | পরিসংখ্যানসহকারী | ০১৭৫১৭৮৫২২৪<br>tamimamisty@gmail.com | রংপুর | ২৫.১.২০২২ | বর্তমান | |
| ০৫ | মো: আমিনুল ইসলাম | পরিসংখ্যানসহকারী | ০১৭২২১৫৯৯৬১<br>iaminul450@gmail.com | দিনাজপুর | ২৩.০৫.২০১৭ | বর্তমান | |
| ০৬ | মো: আব্দুল মালেক | অফিস সহায়ক | ০১৭২১০১২২৯৮ | দিনাজপুর | ০১.০৩.১৯৮৬ | বর্তমান | |
| ০৭ | মো: লোকমান হাকিম | গাড়িচালক (আউটসোর্সিং) | ০১৭৫১৫৭২৯২৩ | দিনাজপুর | | বর্তমান | |
| ০৮ | মো: নাজমুল হাসান | নৈশ প্রহরী | ০১৭২০৩৫০৩৪০ | দিনাজপুর | | বর্তমান | |

## ৮.০। অধস্তন অফিসসমূহঃ

### ৮.১। উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিরামপুর,দিনাজপুর

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিরামপুর, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী/ ইউএসও (চলতি দায়িত্ব), ০২ জন জুনিয়র পরিসংখ্যান সহকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

### ৮.২। উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী/ ইউএসও (চলতি দায়িত্ব), ০১ জন জুনিয়র পরিসংখ্যান সহকারী কর্মরত।

### ৮.৩। উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিরল, দিনাজপুর

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বিরল, দিনাজপুরে ০১ জন উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ১ জন পরিসংখ্যান তদন্তকারী, ০১ জন জুনিয়র পরিসংখ্যান সহকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.৪। উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরে ০১ জন উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ০১ জন পরিসংখ্যান তদন্তকারী ০১ জন জুনিয়র পরিসংখ্যান সহকারী ও ০১ জন চেইনম্যান (আউটসোর্সিং) কর্মরত।

**৮.৫। উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চিরিরবন্দর, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, চিরিরবন্দর দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী কর্মরত।

**৮.৬।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুরে ০১ জন উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ০১ জন পরিসংখ্যান তদন্তকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.৭।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাটগ্রাম, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.৮।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, হাকমিপুর, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, হাকিমপুর, দিনাজপুরে , ০১ জন পরিসংখ্যান তদন্তকারী কর্মরত।

**৮.৯।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, কাহারোল, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, কাহারোল, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.১০।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, খানসামা, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, খানসামা, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.১১।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাটগ্রাম, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজঃ সদর, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী , ০২ জন জুনিয়র পরিসংখ্যান সহকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.১২।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুরে , ০১ জন পরিসংখ্যান তদন্তকারী , ০১ জন জুনিয়র পরিসংখ্যান সহকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

**৮.১৩।উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর-**

উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুরে ০১ জন পরিসংখ্যান তদন্তকারী ও ০১ জন চেইনম্যান কর্মরত।

## ৯.০। নিয়মিত কার্যাবলীঃ

**৯.১। কৃষি পরিসংখ্যান-**

- ০৬ টি প্রধান ফসলের তথ্য সংগ্রহ
- ১৪০ টি অপ্রধান (১৩ টি গ্রুপ) এর তথ্য সংগ্রহ
- দাগগুচ্ছ জরিপ
- মাসিক কৃষি মজুরির হার নির্ণয়
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান
- গবাদি পশু ও হাঁস মুরগি জরিপ
- মাছ উৎপাদন জরিপ
- বন জরিপ

**৯.২। মূল্য ও মজুরির তথ্য সংগ্রহ-**

ভোক্তা মূল্য সূচক (সিপিআই)মুদ্রাস্ফীতি হার এবং মজুরি হার সূচক (ডব্লিউআরআই) নির্ণয় করা বিবিএস এর একটি নিয়মিত কাজ।ভোক্তা মূল্য সূচক (সিপিআই)গণনা করার জন্য দুটি স্বাধীন সেট (পণ্য ও পরিষেবা) ব্যবহার করা হয়। গ্রামীণ এবং শহরের বাজারে ০৪ (চার) টি দরছকের মাধ্যমে এ তথ্য সংগ্রহ করা হয়। গ্রামীণ বাজারে ৩১৮ টি আইটেম আর শহরের বাজারে ৪২২ টি আইটেম ব্যবহার করে শহর এবং গ্রামীণ সূচকগুলিকে একত্রিত করে জাতীয় ভোক্তা মূল্য সূচক (সিপিআই) গণনা করা হয়। আইএলও গ্রুপিং অনুযায়ী জাতীয় এবং উপ-জাতীয় সিপিআই আইটেম গুলিকে ৮ টি প্রধান বিভাগে শ্রেণিবদ্ধ করা হয়েছে। যেমন-

(i) খাদ্য, পানীয় এবং তামাক
(ii) পোশাক এবং পাদুকা
(iii) ভাড়া, জ্বালানী এবং আলো
(iv) আসবাব পত্র,গৃহস্থালী সরঞ্জাম এবং কার্যকলাপ
(v) চিকিৎসা সেবা এবং স্বাস্থ্য ব্যয়
(vi) পরিবহন এবংযোগাযোগ
(vii) বিনোদন,শিক্ষা ও সাংস্কৃতিক সেবা এবং
(viii) বিবিধ পণ্য এবং পরিষেবা।

**৯.৩। ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেইজিং অব ইন্ডিসিস-**

'ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসেস' প্রকল্প এর আওতায় ভোক্তা মূল্যসূচক (CPI), মজুরি হার সূচক (WRI), গৃহনির্মাণ সামগ্রি সূচক (BMPI) এবং শিল্প উৎপাদন সূচক ও উৎপাদকের মূল্য সূচক (QIIP & PPI)এর ভিত্তি বছর ২০০৫-০৬=১০০ হতে ২০১৫-১৬=১০০ এ পরিবর্তনের লক্ষ্যে দিনাজপুর জেলার শহর ও গ্রামীণ খুচরা বাজারে ফুড ও নন ফুড দ্রব্য সামগ্রী এবং সেবা,নির্মাণ সামগ্রি, মজুরি হার ও বাড়ি ভাড়ার ২০২২-২৩ অর্থ বছরের মূল্য সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।

- CPI (Consumer Price Index)রিবেইজিং
- WRI (Wage Rate Index) রিবেইজিং
- BMPI (Building Material Price Index) রিবেইজিং
- QIIP & PPI (Quantum Index of Industrial Production & Producer Price Index)রিবেইজিং

## ১০.০। শুমারি ও জরিপ কার্যাবলীঃ

সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে শুমারি ও জরিপ পরিচালনা করে থাকে। জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর অধীনস্ত উপজেলা পরিসংখ্যান অফিসগুলোর সমন্বয়ে শুমারি ও জরিপ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহ ও সরবরাহ করে থাকে। ২০২৩-২৩ অর্থ বছরে বাস্তবায়িত শুমারি ও জরিপসমূহ-

**১০.১। জনশুমারি ও গৃহগণনা ২০২২-**

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর অধীন ট্যাবলেট ব্যবহার পূর্বক Computer Assisted Personal Interviewing (CAPI)পদ্ধতিতে দেশের প্রথম ডিজিটাল শুমারি 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' গত ১৫-২১ জুন, ২০২২খ্রি. সারা দেশের ন্যায় দিনাজপুর জেলায় সফলভাবে সম্পন্ন হয়েছে। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রিলিমিনারি রিপোর্ট গত ২৭ জুলাই, ২০২২খ্রি. প্রকাশিত হয়েছে।

**১০.২।SVRSin Digital Platform-**

স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্পের আওতায় দিনাজপুরট জেলায় ৪২টি পিএসইউ এর স্থানীয় রেজিষ্টার ও সুপারভাইজারগণের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI)পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক/পৃথক বসবাস, বহির্গমন, আগমন, প্রতিবন্ধী, এইচআইভি ও জন্মনিয়ন্ত্রণ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। এই প্রকল্পের মাধ্যমে Intercensal Period-এ দেশের জনসংখ্যা নিরূপণ, জনসংখ্যা হ্রাস-বৃদ্ধির হার নির্ধারণ ও বিভিন্ন জনতাত্ত্বিক সূচক নির্ধারণ করা হয়।

**১০.৩।HIES ২০২১-২২-**

Computer Assisted Personal Interviewing (CAPI)পদ্ধতিতে খানার আয় ব্যয় সংক্রান্ত জরিপ (HIES) ২০২১-২২ এর গত ৩০ ডিসেম্বর, ২০২২খ্রি. সমাপ্ত হয়েছে।২০দিনে ০১ টি টার্ম হিসেবে মোট ১৮ টি টার্মে এই জরিপ কার্যক্রম সম্পন্ন হয়।এজরিপের মাধ্যমে বিভিন্ন পণ্য ও সেবার weightনির্ধারণ এবং দারিদ্র্যের হার নিরুপন করা হয়।

**১০.৪।ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ-**

বিবিএস ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে পরিচালিত ত্রৈমাসিক শ্রম শক্তি জরিপ কাজের দিনাজপুর জেলায় Computer Assisted Personal Interviewing (CAPI )পদ্ধতিতে তথ্য সংগ্রহ কাজ চলমান রয়েছে।মোট ১২ টি পর্বে এই জরিপ কার্যক্রম সম্পন্ন হবে। এই জরিপের উদ্দেশ্য হল ভৌগোলিক অবস্থানভেদে শিল্প, পেশা এবং লিঙ্গা ভিত্তিক প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম স্থানান্তর, মজুরী এবং কর্মঘন্টা সংক্রান্ত পরিসংখ্যান তৈরী করা।

**১০.৫।ICT সার্ভে-**

'ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' শীর্ষক প্রকল্প এর আওতায় 'ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' শীর্ষক জরিপের ১ম পর্যায়ের দিনাজপুর জেলার বিভিন্ন PSUএর তথ্য সংগ্রহ কাজ গত ২৯ মে-২৮আগস্ট, ২০২২খ্রি. সম্পন্ন হয়।

**১০.৬। কারুশিল্পজাত পণ্য জরিপ ২০২২-**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর উদ্যোগে ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং কর্তৃক বাস্তবায়নাধীন 'কারুশিল্পজাত পণ্য জরিপ-২০২২' এর দিনাজপুর জেলার মূল জরিপ কাজের তথ্য সংগ্রহ কার্যক্রম ১৮ডিসেম্বর, ২০২২খ্রি. – ০৬ জানুয়ারি, ২০২৩খ্রি. সম্পন্ন হয়।

**১০.৭। প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩-**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর সেন্সাস উইংয়ের আওতাধীন-(বিবিএস)'টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ )LAS) প্রকল্প' শীর্ষক প্রকল্পের 'প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩' কার্যক্রম এর দিনাজপুর জেলায় Computer Assisted Personal Interviewing (CAPI)পদ্ধতিতে তথ্য সংগ্রহ কাজ ০১-২০ মার্চ ২০২৩ খ্রি .সম্পন্ন হয়।

**১০.৮। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ডাটা ক্লিনিং-**

'জনশুমারি ও গৃহগণনা ২০২২'এর বিভিন্ন অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে প্রকল্প দপ্তরের নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ে তথ্য যাচাই করা হয়।

**১০.৯। আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩-**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস) এর জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর আওতায় বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' এর 'আর্থসামাজিক ও জনতাত্ত্বিক জরিপ ২০২৩' এর দিনাজপুর জেলার ১৭২ টি পিএসইউ এর তথ্য সংগ্রহ কার্যক্রম Computer Assisted Personal Interviewing (CAPI)পদ্ধতিতে ২১ মে-১৫ জুন, ২০২৩ খ্রি. সম্পন্ন হয়।

**১০.১০। খাদ্য নিরাপত্তা জরিপ-**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর 'খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২' কর্তৃক বাস্তবায়নাধীন 'Food Security Assessment & Food Insecurity Experience Scale (FIES)' বিষয়ক জরিপ এর দিনাজপুর জেলার ১১ টি PSUএর লিস্টিং কার্যক্রম ১১-১৬ মে, ২০২৩ খ্রি. এবং মূলতথ্য সংগ্রহ কার্যক্রম ১৫-২৫ জুন, ২০২৩ খ্রি. সম্পন্ন হয়।

**১০.১১। জাতীয় শিশু শ্রম জরিপ ২০২২-**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোও আইএলওএর যৌথ উদ্যোগে পরিচালিত ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং কর্তৃক বাস্তবায়নাধীন'জাতীয় শিশু শ্রম জরিপ ২০২২' এর ২য় কম্পোনেন্ট'Establishment Base Sector-wise Survey 2023' এরলিস্টিং কার্যক্রম ১৪-২৩ মার্চ, ২০২৩ খ্রি. এবং মূল তথ্য সংগ্রহ কার্যক্রম ০০ মে-০০ জুন, ২০২৩ খ্রি. সম্পন্ন হয়।

**১১.০। আভ্যন্তরীণ প্রশিক্ষণঃ**

জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর ও এর অধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে কৃষি পরিসংখ্যান, মূল্য ও মজুরির তথ্য সংগ্রহ, আর্থিক, প্রশাসনিক, নৈতিকতা, শুদ্ধাচার, সুশাসন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**১২.০। সুশাসনপ্রতিষ্ঠারনিমিত্তঅংশীজনের(stakeholders)অংশগ্রহণেসভাঃ**

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ০২ টি সভা করা হয়েছে।

**১৩.০। আবেদনের প্রেক্ষিতে তথ্য সরবরাহঃ**

তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদনের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরে ১২ টি আবেদন নিষ্পত্তি করা হয়।

**১৪.০। কর্ম-পরিবেশউন্নয়নঃ**

জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর ও এর অধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহের কর্ম পরিবেশ উন্নয়নে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**১৫.০। ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ**

জেলা পরিসংখ্যান কার্যালয়, দিনাজপুর ও এর অধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করা হয়েছে।

## এক নজরে দিনাজপুর জেলা

| | |
|---|---|
| আয়তনঃ | ৩,৪৪৪.৩০ ব:কিঃমিঃ (১৩২৯.৮৫ বঃ মাঃ) |
| লোক সংখ্যাঃ | ৩৩,১৫,২৩৮ জন<br>(২০২২ সালের জনশুমারী অনুয়ায়ী) |
| পুরুষ | ১৬,৬০,৯৯৭ জন। |
| মহিলা | ১৬,৫৪,২৪১ জন। |
| তৃতীয় লিঙ্গ | ১৬২ |
| জনসংখ্যা বৃদ্ধির হার: | ০.৯৮% |
| ক্ষুদ্র নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত জনসংখ্যা: | ৫২,৯৩৯ জন। |
| উপজেলার সংখ্যাঃ | ১৩ টি (বোচাগঞ্জ, বিরল, কাহারোল, বীরগঞ্জ, দিনাজপুর সদর, খানসামা, চিরিরন্দর, ফুলবাড়ী, পার্বতীপুর, বিরামপুর, নবাবগঞ্জ, হাকিমপুর, ঘোড়াঘাট) |
| পৌরসভার সংখ্যাঃ | ০৯টি |
| সিটি কর্পোরেশনঃ | নেই |
| ইউনিয়নের সংখ্যাঃ | ১০৩ টি |
| গ্রামের সংখ্যাঃ | ২,১৩১টি |
| মৌজার সংখ্যাঃ | ১,৯২৬টি |
| থানাঃ | ১৩ টি |
| হাট-বাজারঃ | ২৭৩ টি |
| নদীঃ | ১৯ টি |
| মোট পরিবারের (খানা) সংখ্যাঃ | ৮,৩৭,০০২টি |
| প্রতি বর্গকিঃমিঃ-এ লোক সংখ্যার ঘনত্বঃ | ৯৬৩ জন (প্রায়) |
| কৃষক পরিবারের সংখ্যাঃ | ৪,৮০,৭৫৬ টি |
| ভূমিহীন কৃষক পরিবারের সংখ্যাঃ | ১,৪০,৩২৫ টি(৩০%) |

| | |
|---|---|
| ক্ষুদ্র কৃষক পরিবারঃ | ৭৯,০৮৬ টি(১৭%) |
| প্রান্তিক কৃষক পরিবারঃ | ১,৭৪,২৭৯ টি(৩৬%) |
| মাঝারি কৃষক পরিবারঃ | ৬৯,৩৮৭ টি (১৩%) |
| বড় কৃষক পরিবারঃ | ১৭,৬৭৯ টি (৫%) |
| খাদ্য চাহিদাঃ | ৪,৮৮,৫২৯ মেঃটন |
| মোট খাদ্যশষ্য উৎপাদনঃ | ১৩,০৩,৯২৩মেঃ টন |
| উদ্বৃত্ত খাদ্যঃ | ৬,৬,৪৪০০ মেঃটন |
| কৃষি শস্য ও ফলমূলঃ | |
| প্রধান কৃষি শস্য | ধান, গম,ইক্ষু, পাট, আলু, সবজি, পিঁয়াজ, আদা, তৈলবীজ |
| প্রধান ফলমূল | লিচু, আম, কলা, কাঠাল, জাম, নারিকেল |
| বনভূমিঃ | |
| মোট বনভূমিঃ | ৭,৬৪১.২২হেক্টর |
| রিজার্ভ বনভূমিঃ | ৪,৬৮৫.৪০হেক্টর |
| ভেস্টেড বনভূমিঃ | ২,৪৯৭.১৬হেক্টর |
| একোয়ার্ড বনভূমিঃ | ৩৫২.৮৫হেক্টর |
| খাস বনভূমিঃ | ১১৫.৮১হেক্টর |
| নার্সারীঃ | |
| সরকারী নার্সারীঃ | ৫টি |
| ব্যক্তিগত নার্সারীঃ | ১৮৩ টি |
| উপজেলা নার্সারীঃ | ১৯ টি |
| শিক্ষা সংক্রান্তঃ | |
| শিক্ষার হার | ৭৬.০৪ ( ২০২২ সালের পরিসংখ্যান অনুযায়ী) |
| চিকিৎসা মহাবিদ্যালয়ঃ | ১ টি |
| বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ঃ | ১ টি |
| পলিটেকনিক ইনষ্টিটিউটঃ | ১ টি |
| টেক্সটাইল ইনষ্টিটিউটঃ | ১ টি |
| আইন মহাবিদ্যালয়ঃ | ১ টি |
| কমার্শিয়াল ইনষ্টিটিউটঃ | ১ টি |
| সরকারী কলেজঃ | ৩ টি |
| বেসরকারী কলেজঃ | ৮৬ টি |
| মাদ্রাসাঃ | ৩৫০ টি |
| পি.টি.আইঃ | ১টি |
| সরকারী বিদ্যালয়ঃ | ১০ টি |
| বেসরকারী বিদ্যালয়ঃ | ৪০৬ টি |
| সরকারী প্রাথমিক বিদ্যালয়ঃ | ৮৬০টি |
| রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ঃ | ৮৩৫ টি |
| আনরেজি: বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ঃ | ১৩৬ টি |
| ভিটিআইঃ | ২ টি |
| বিকেএসপিঃ | ১ টি |
| সরকারী ভেটেরিনারী কলেজঃ | ১ টি |
| হোমিও কলেজঃ | ১ টি |
| বি এড কলেজঃ | ১ টি |
| ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটঃ | ১ টি |
| যুব প্রশিক্ষন কেন্দ্রঃ | ১ টি |
| যোগাযোগ ব্যবস্থা | |
| পাকা রাস্তাঃ | ৬৯১ কিঃমিঃ |
| আধা পাকা রাস্তাঃ | ২৯৫ কিঃমিঃ |

| | |
|---|---|
| কাঁচা রাস্তাঃ | ৪,৭২০কিঃমিঃ |
| রেলপথঃ | ১৪২.০২কিঃমিঃ |
| রেলষ্টেশনঃ | ১৮ টি |
| ফসলাধীন জমিঃ | |
| আবাদকৃত জমিঃ | ২,৮৮,৪৩২হেক্টর |
| নীটফসলাধীন জমিঃ | ২,৮৮,৪৩২হেক্টর |
| এক ফসলাধীন জমিঃ | ১৩,৮১৮হেক্টর |
| দুই ফসলাধীন জমিঃ | ২,১৭,৪৭৭হেক্টর |
| তিনফসলাধীন জমিঃ | ৫৩,৩৬৭হেক্টর |
| তিন এর অধিক ফসলাধীন জমিঃ | ১৭০ হেক্টর |
| মোট ফসলাধীন জমিঃ | ৬,০৯,৫৫৩হেক্টর |
| ফসলের নিবিরতার হারঃ | ২১৪% |
| উৎপাদনের লক্ষ্যমাত্রাঃ | ৬,০০,৪৬০.০০০মেঃ টন |
| রোপা আমনের আবাদের লক্ষ্যমাত্রাঃ | ২,৪৬,০০০হেক্টর |
| ক)উফশী- | ২,১৭,০০০হেক্টর |
| খ)স্থানীয়- | ২৯,০০০হেক্টর |
| আবাদ অর্জনঃ | ২,৫০,৯২০হেক্টর |
| চাষযোগ্য পতিত জমির পরিমাণঃ | ৬৮৫ হেক্টর |
| ভূমি সংক্রান্ত তথ্যঃ | |
| পৌর এলাকায় জমির পরিমানঃ | ৮,০৪৮ একর |
| ভূমিহীনঃ | ৩০% |
| প্রান্তিক কৃষকঃ | ৩৬% |
| মাঝারী কৃষকঃ | ১৩% |
| বড় কৃষকঃ | ৫% |
| মাথাপিছু আবাদী জমিঃ | ০.০৫ শতাংশ |
| ইউনিয়ন ভূমি অফিসঃ | ১০৫ টি |
| উপজেলা ভূমি অফিসঃ | ১৩ টি |
| ধর্মীয় প্রতিষ্ঠান ও লোকসংখ্যাঃ | |
| মসজিদঃ | ৪,০৩৮ টি |
| মন্দিরঃ | ৯০৪ টি |
| গীর্জাঃ | ৯৬ টি |
| প্যাগোডাঃ | ১৮ টি |
| মুসলমানঃ | (৭৮.৫৬%) |
| হিন্দুঃ | (১৯.৪৯%) |
| খৃষ্টানঃ | (১.৩৯%) |
| বৌদ্ধঃ | (০.৩%) |
| অন্যান্যঃ | (০.৫৩%) |
| পেশাঃ | |
| কৃষিঃ | ৪২.৮৫% |
| কৃষি শ্রমিকঃ | ২৯.১৯% |
| শ্রমিকঃ | ২.৪৮% |
| ব্যবসাঃ | ১০.২০% |
| পরিবহন শ্রমিকঃ | ১.৬৭% |
| চাকুরীঃ | ৫.৫৮% |
| শিল্প ও খনিজঃ | |
| তাপবিদ্যুৎ কেন্দ্রঃ | ১ টি |

| | |
|---|---|
| কঠিন শিলাপ্রকল্পঃ | ১টি(মধ্যপাড়া) |
| কয়লা খনি প্রকল্পঃ | ১ টি (বড়পুকুরিয়া) |
| লোকমোটিভ কারখানাঃ | ১ টি(পার্বতীপুর) |
| চিনিকলঃ | ১ টি(সেতাবগঞ্জসুগার মিলসলিঃ) |
| টেক্সটাইল মিলঃ | ১ টি |
| অটোমেটিক চাউল কলঃ | ৬১টি |
| সেমিঅটোমেটিক চাউল কলঃ | ৩৫টি |
| চাতাল চাউল কলঃ | ১৮৬১টি |
| মেজর চাউল কলঃ | ১২টি |
| অটোমেটিক ফ্লাওয়ারমিলঃ | ৬টি |
| হিমাগারঃ | ৯টি |
| জুটমিলঃ | ১টি |
| লজেন ফ্যাক্টরীঃ | ২টি |
| গার্মেন্টসঃ | ১টি |
| মিশ্রসার ফ্যাক্টরীঃ | ১টি |
| পোলট্রি হ্যাচারীঃ | ৪টি |
| স্বাস্থ্য সংক্রান্তঃ | |
| মোট উপজেলা হেলথ কমপেক্সঃ | ১৩ |
| মোট ইউনিয়ন স্বাস্থ্য উপকেন্দ্রঃ | ১০৫ |
| মোট বেসরকারী ক্লিনিকঃ | ২৮ |
| বন্দর ও অন্যান্যঃ | |
| স্থল বন্দরঃ | ২ টি (হিলিহাকিমপুর ওবিরল ) |
| তুলা উন্নয়ন বোর্ডঃ | ১ টি |
| ব্যাংকঃ | ১৬৮ টি |
| এনজিও’র সংখ্যাঃ | ৭৬ টি(তালিকাভূক্ত) |
| আবাসনঃ | ৪০ টি |
| আশ্রয়নঃ | ৫২ টি |
| আদর্শগ্রামঃ | ২৯ টি |
| আন্ত:উপজেলা খেয়াঘাটঃ | ২ টি |
| নির্বাচনী এলাকাঃ | ৬ টি। |
| মোট ভোটার সংখ্যাঃ | ১৮,৫৬,৩৪৫ জন |
| পুরুষ | ৯,২২,৮৮১ জন |
| মহিলা | ৯,৩৩,৪৬৪ জন |
| প্রধান রপ্তানী পণ্য | ধান, চাল, গম, আম, লিচু, কাঠাল, গুড়, ইক্ষু |
| দর্শনীয় স্থান | কান্তজীউ মন্দির, স্বপ্নপুরী, রামসাগর, সীতাকোট বিহার, সিংড়া ফরেস্ট, নয়াবাদ মসজিদ, শুরা মসজিদ ইত্যাদি বি |

## জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী, দিনাজপুর জেলার গুরুত্বপূর্ন তথ্যসমূহ। Key Findings (Enumerated)

### ১.১ জনসংখ্যা ও লিঙ্গানুপাত

| | মোট জনসংখ্যা | লিংগভিত্তিক বিভাজন | | | | লিঙ্গানুপাত |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | হিজরা | মোট | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| জাতীয় | ১৬৫,১৫৮,৬১৬ | ৮১,৭১২,৮২৪ | ৮৩,৩৪৭,২০৬ | ১২৬২৯ | ১৬৫,০৭২,৬৫৯ | ৯৮.০৪ |
| রংপুর | ১৭,৬১০,৯৫৬ | ৮,৭২৬,৫২১ | ৮,৮৭৩,৬২৮ | ৯২৯ | ১৭,৬০১,০৭৮ | ৯৮.৩৪ |
| দিনাজপুর | ৩,৩১৫,২৩৮ | ১,৬৬০,৯৯৭ | ১,৬৫৩,৩০৫ | ১৬২ | ৩,৩১৪,৪৬৪ | ১০০.৪৭ |

## ১.২ পল্লী ও শহরভিত্তিক জনসংখ্যা

| | পল্লী | | | | শহর | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | হিজরা | মোট | পুরুষ | মহিলা | হিজরা | মোট |
| জাতীয় | ৫৫,১৬৬,৮৪২ | ৫৭,৮৯০,৪৬২ | ৬,২৮৩ | ১১৩,০৬৩,৫৮৭ | ২৬,৫৪৫,৯৮২ | ২৫,৪৫৬,৭৪৪ | ৬,৩৪৬ | ৫২,০০৯,০৭২ |
| রংপুর | ৬৭৯৫৫৭০ | ৬৯৪২০০০ | ৫৬৮ | ১৩৭৩৮১৩৮ | ১৯৩০৯৫১ | ১৯৩১৬২৮ | ৩৬১ | ৩৮৬২৯৪০ |
| দিনাজপুর | ১,৩৪২,০৭৮ | ১,৩৩৯,০৯২ | ৯৬ | ২,৬৮১,২৬৬ | ৩১৮,৯১৯ | ৩১৪,২১৩ | ৬৬ | ৬৩৩,১৯৮ |

## ১.৩ জেলা ও লিঙ্গভিত্তিক ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনসংখ্যা

| | লিঙ্গ | | | |
|---|---|---|---|---|
| | মোট | পুরুষ | মহিলা | শতকরা হার |
| জাতীয় | ১,৬৫০,১৬০ | ৮২৪,৭৫১ | ৮২৫,৪০৮ | ১০০ |
| রংপুর | ৯১,০৭০ | ৪৫,০৮৬ | ৪৫,৯৮৪ | ৫.৫২ |
| দিনাজপুর | ৫২,৯৩৯ | ২৫,৯৪৬ | ২৬,৯৯৩ | ৩.২১ |

## ১.৪ ক্যাটাগরি বা ধরন অনুযায়ী ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনসংখ্যা

| | লিঙ্গ | | | শতকরা হার |
|---|---|---|---|---|
| | মোট | পুরুষ | মহিলা | |
| জাতীয় | ১,৬৫০,১৫৯ | ৮২৪,৭৫১ | ৮২৫,৪০৮ | ১০০.০০ |
| রংপুর | | | | |
| দিনাজপুর | | | | |

## ১.৬ জেলা অনুযায়ী ধর্মভিত্তিক জনসংখ্যা (%)

| জেলা | মুসলমান | হিন্দু | বৌদ্ধ | খ্রিস্টান | অন্যান্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| জাতীয় | ৯১.০৪ | ৭.৯৫ | ০.৬১ | ০.০৩ | ০.১২ |
| রংপুর | ৮৬.৪১ | ১২.৯৮ | ০.০২ | ০.৪১ | ০.১৮ |
| দিনাজপুর | ৭৮.৫৬ | ১৯.৪৯ | ০.০৩ | ১.৩৯ | ০.৫৩ |

## ১.৭ জেলা ও লিঙ্গভিত্তিক সাক্ষরতার হার

| | লিঙ্গ | | | |
|---|---|---|---|---|
| | মোট | পুরুষ | মহিলা | হিজরা |
| জাতীয় | ৭৪.৬৬ | ৭৬.৫৬ | ৭২.৮২ | ৫৩.৬৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| রংপুর | ৭০.৭৫ | ৭৩.৮৮ | ৬৭.৬৯ | ৪৯.৮৩ |
| দিনাজপুর | ৭৬.০৪ | ৭৮.৯২ | ৭৩.১৬ | ৫৪.১৯ |

## ১.১১ বসবাসের ধরন অনুযায়ী জেলাভিত্তিক খানার সংখ্যা ও জনসংখ্যা

| | মোট | বস্তি | | ভাসমান | | বস্তি ও ভাসমান খানা ব্যাতীত অন্যান্য জনসংখ্যা | | খানার আকার |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খানার সংখ্যা | খানার সংখ্যা | জনসংখ্যা | খানার সংখ্যা | জনসংখ্যা | খানার সংখ্যা | জনসংখ্যা | |
| জাতীয় | ৪১,০১০,০৫১ | ৫০৭,৪৮৬ | ১,৮০০,৪৮৬ | ১৯,১৩৪ | ২২,১৮৫ | ৪০,৪৮৩,৪৩১ | ১৬৩,৩৩৫,৯৪৫ | ৪.০৩ |
| রংপুর | ৪,৪৮৮,৯৯৫ | ২৪,৪২৫ | ৯২,৪৭০ | ৯৯১ | ১,০৭৮ | ৪,৪৬৩,৫৭৯ | ১৭,৫১৭,৪০৮ | ৩.৯২ |
| দিনাজপুর | ৮৩৭,০০২ | ৮,৫৪৩ | ৩২,৩৫৮ | ২৮০ | ২৯০ | ৮২৮,১৭৯ | ৩,২৮২,৫৯০ | ৩.৯৬ |

## ১.১২ জেলাভিত্তিক জনসংখ্যা, খানা, খানার আকার ও জনসংখ্যার ঘনত্ব

| | ২০১১ | | | | ২০২২ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | জনসংখ্যা | খানা | খানার আকার | জনসংখ্যার ঘনত্ব | জনসংখ্যা | খানা | খানার আকার | জনসংখ্যার ঘনত্ব |
| জাতীয় | ১৪৪০৪৩৬৯৭ | ৩২১৭৩৬৩০ | ৪.৪৮ | ৯৭৬ | ১৬৫,১৫৮,৬১৬ | ৪১,০১০,০৫১ | ৪.০৩ | ১১১৯ |
| রংপুর | ১৫,৭৮৭,৭৫৮ | ৩,৮১৭,৬৬৪ | ৪.১৪ | ৯৭৫ | ১৭,৬১০,৯৫৬ | ৪,৪৮৮,৯৯৫ | ৩.৯২ | ১০৮৮ |
| দিনাজপুর | ২,৯৯০,১২৮ | ৭১৫,৭৭৩ | ৪.১৮ | ৮৬৮ | ৩,৩১৫,২৩৮ | ৮৩৭,০০২ | ৩.৯৬ | ৯৬৩ |

..............................